

অতি জরুরী  
হজ্জ সর্বোচ্চ অধাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ্জ অফিস  
আশকোনা, বিমানবন্দর, ঢাকা।

নং-হঅঢা-৭/১২৪/২০১৪/২৮৪


তারিখ- ১৯ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ  
০৩ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ

বিষয় : ইউনাইটেড এজেন্ট অফিস কর্তৃক প্রদত্ত হজ্জযাত্রীদের বাসের টিকেট পাসপোর্টে সংযুক্তকরণ।

সূত্র : বাহমি/হউ/এইচএমও-০৫/২০১৩/২৪০, তাং-২৬/০৬/২০১৪ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ হজ্জ অফিস, জেদ্দা হতে প্রাপ্ত পত্রখানা এইসাথে প্রেরণ করা হল। উক্ত পত্রে বাংলাদেশ হতে গমনকারী প্রত্যেক হজ্জযাত্রীর মক্কা, মদিনা, জেদ্দা এবং মাশায়ের আল-মুকাদ্দাসায় যাতায়াতের জন্য বাসের টিকেট ইউনাইটেড অফিস কর্তৃপক্ষ হজ্জ অফিস, মক্কার নিকট হস্তান্তর করবে। উক্ত টিকেট ঢাকা হজ্জ অফিস হতে হজ্জযাত্রীদের পাসপোর্টে সংযুক্ত করে দিতে হবে। বাংলাদেশ হতে বাসের টিকেট অবশ্যই নিতে হবে। অন্যথায় সৌদি আরবে প্রবেশ করা সম্ভব হবে না।

২। এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে প্রত্যেক হজ্জ এজেন্টের মালিককে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হল।



(মো: মিজানুর রহমান)

পরিচালক

(উপ-সচিব)

ফোন : ৮৯৫৮৪৬২।

সভাপতি/মহাসচিব,  
হজ্জ এজেন্সি অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ(হাব),  
সান্তারা সেন্টার, ১৬তম তলা, হোটেল ভিষ্টি, ৩০/এ, নয়াপল্টন,  
ঢাকা।

নং-হঅঢা-৭/১২৪/২০১৪/২৮৪

তারিখ- ১৯ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ  
০৩ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি :

১। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মো: মিজানুর রহমান)

পরিচালক।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ হজ্জ অফিস  
জেদ্দা, সৌদি আরব।

স্মারক নং-বাহমি/হট/এইচএমও-০৫/২০১৩/২৪০

তারিখঃ ২৬.০৬.২০১৪ খ্রিঃ

বিষয়ঃ ইউনাইটেড এজেন্ট অফিস কর্তৃক প্রদত্ত হজ্জযাত্রীদের বাসের টিকিট পাসপোর্টে সংযুক্তকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, হজ্জ ২০১৪ খ্রিঃ (১৪৩৫ হিঃ) সনে বাংলাদেশ হতে আগতব্য প্রত্যেক হজ্জযাত্রীর মক্কা, মদিনা, জেদ্দা এবং মাশায়ের আল-মুকাদ্দাসায় যাতায়াতের জন্য বাসের টিকেট ইউনাইটেড অফিস কর্তৃপক্ষ হজ্জ অফিস মক্কার নিকট হস্তান্তর করবে। উক্ত টিকেট ঢাকা হজ্জ অফিস হতে হজ্জযাত্রীর পাসপোর্টে সংযুক্ত করে দিতে হবে। যদি কোন হজ্জযাত্রী টিকেট ছাড়াই সৌদি আরব চলে আসেন তবে তাকে নির্ধারিত অংকের চাইতে দ্বিগুন অর্থ মগদ প্রদান করে টিকেট সংগ্রহ করতে হবে। অন্যথায় তিনি সৌদি আরব প্রবেশ করতে সমর্থ হবেন না। এমতাবস্থায় ঢাকা হজ্জ অফিস যাতে প্রত্যেক হজ্জযাত্রীর পাসপোর্টে বাসের টিকিট যথাযথভাবে সংযুক্ত করে সে বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

(মোঃ আসাদুজ্জামান)  
২৬.০৬.১৪

স্মারক নং-বাহমি/হট/এইচএমও-০৫/২০১৩/২৪০

তারিখঃ ২৬.০৬.২০১৪ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ।
- ২। কনসাল জেনারেল, বাংলাদেশ কনসুলেট জেনারেল, জেদ্দা।
- ৩। পরিচালক হজ্জ, হজ্জ অফিস, ঢাকা।
- ৪। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ আসাদুজ্জামান)  
কাউন্সেলর (হজ্জ)